আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন
প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহয়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়	০১টি	০১টি	-	-	০১টি	০১টি	২ বছর (৬৬.৬৬ %)	০১টি	১৬২ (৮.২১%)

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০১টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণঃ

(ক) বাংলাদেশের প্রেক্ষাপটে আবহাওয়া সূচক ভিত্তক শস্য বীমা প্রকল্পটির জন্য প্রণীত MIS Software এর মাঠ পর্যায়ে কার্যকারিতা যাচাই-বাছাইকরণ এবং প্রযুক্তির সর্বোচ্চ প্রয়োগের মাধ্যমে দায়গ্রহণ (Under Writing) ও দাবী নিষ্পত্তিসহ (Claim Settlement) আবহাওয়া সূচক-ভিত্তিক শস্য বীমা প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিচালনা;

(খ) প্রকল্পের আওতায় ৫ম পাইলটিং কার্যক্রমকে End line Survey এর পরিভুক্ত করা তথা প্রকল্পের ভবিষৎ Scale Up Issue নির্ণয়;

(গ) প্রকল্পে নিয়োজিত বৈদেশিক পরামর্শক ফার্ম কর্তৃক Operational Manual, Scale up Report, Remote Sensing Specialist কর্তৃক Reference document for practitioners on the method and system of calibrating Global Satellite Mapping of Precipitation (GSMap) ইত্যাদি Document সমূহ সরবারহের লক্ষ্যে;

(ঘ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমার আওতায় যুগোপযোগী রেগুলেটরি ফ্রেমওয়ার্ক চূড়ান্ত করার জন্য ;

(ঙ) সাধারণ বীমা কর্পোরেশন ও স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের কর্মকর্তাদের Capacity Building এর লক্ষ্যে আরও ব্যাপক প্রশিক্ষণের বিষয়ে এডিবি এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ –এর অনুরোধ জ্ঞাপন;

ব্যয় বৃদ্ধির কারণঃ

পরামর্শকদের ভ্যাটের জন্য matching fund হিসাবে টিপিপিতে জিওবি সংশ্লিষ্ট Consultancy খাতে ১২০ লক্ষ টাকা, Audit খাতে ৩ লক্ষ টাকা, Management Charges খাতে ৪ লক্ষ টাকা, ও Survey খাতে ৫লক্ষ টাকা, এবং Technical Support খাতে ৩০লক্ষ টাকা, মোট ১৬২লক্ষ টাকা বরাদ্দ বৃদ্ধির প্রয়োজন রয়েছে। এ ব্যয় বৃদ্ধি করলে তা মোট প্রকল্প ব্যয়ের ৮.২১% বৃদ্ধি পায়, যা পরিকল্পনা কমিশনের পরিপত্র অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় ডিএসপিইস'র সুপারিশক্রমে অনুমোদন করে থাকেন। উক্ত পরিপত্র অনুযায়ী এক্ষত্রে মোট প্রকল্প ব্যয়ের ২৫% বৃদ্ধি করার সুযোগ থাকে। এছাড়া Market Research & Data Collection খাতে (জিওবি অংশে) বরাদ্দকৃত মোট ৪৩.৭১ লক্ষ টাকা হতে ৩৩.৪১ লক্ষ টাকা স্থানান্তর করে Office Equipment & Furniture খাতে সম্বনয় করে, যার কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্প গ্রহণের শুরুতে বাংলাদেশ বীমা উন্নয়ন কর্তৃপক্ষ ও মন্ত্রণালয় তথা অন্যান্য অংশীজন (Stakeholder) জড়িত ছিলনা।	৩.১ ভবিষৎতে এ ধরণের যেকোন পাইলট প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ বীমা উন্নয়ন কর্তৃপক্ষ ও মন্ত্রণালয় তথা অন্যান্য অংশীজন (Stakeholder) –দের প্রকল্প গ্রহণের শুরু থেকে জড়িত রাখা প্রয়োজন।
৩.২ কৃষি বীমা চালুর ক্ষেত্রে ফসল ফলনের সময়সীমা ও দূর্যোগকালীন সময় বিবেচনা করে বীমা চালু করা হয়নি।	৩.২ কৃষি বীমা চালুর ক্ষেত্রে একটি ফসলের সময়সীমা এবং দূর্যোগকালীন সময় বিবেচনা করে বীমা পলিসির মেয়াদ নির্ধারণ করা প্রয়োজন।
৩.৩ পিসিআর এ অডিট সংক্রান্ত কোন তথ্য উল্লেখ করা হয় নি।	৩.৩ প্রকল্পের অডিট সমপন্ন করার জন্য অভ্যন্তরীর সম্পদ বিভাগকে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করতে হব।

পাইলট প্রজেক্ট অন ওয়েদার ইনডেক্স বেইজড ক্রপ ইন্স্যুরেন্স (WIBC) শীর্ষক প্রকল্পের **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন ২০১৮)

০১। প্রকল্প নাম : পাইলট প্রজেক্ট অন ওয়েদার ইনডেক্স বেইজড ক্রপ ইন্স্যুরেন্স (WIBC)।

০২। বাস্তবায়নকারী সংস্থা : সাধারণ বীমা কর্পোরেশন ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ।

০৩। প্রশাসনিক মন্ত্রণালয় : আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণলায়।

০৪। প্রকল্পের এলাকা : রাজশাহী, সিরাজগঞ্জ ও নোয়াখালী জেলার প্রতিটিতে ৭টি করে মোট ২১টি উপজেলা।

০৫। প্রকল্পের অর্থায়ন : এশীয় উন্নয়ন ব্যাংক।

৬। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	১৯৭২.২১	৩৩৩.৭৭	১৬৩৮.৪৪	-	জুলাই '১৩ হতে জুন'১৬	২৪ ফেব্রুয়ারি ২০১৪	--	--
১ম সংশোধিত	২১৩৪.২১	৪৯৫.৭৭	১৬৩৮.৪৪	-	জুলাই '১৩ হতে জুন'১৬	০২ এপ্রিল ২০১৫	১৬২ (৮.২১%)	--
২য় সংশোধিত	২১৩৪.২১	৪৯৫.৭৭	১৬৩৮.৪৪	-	জুলাই '১৩ হতে জুন'১৭	২০ জুলাই ২০১৬	--	১ বছর
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২১৩৪.২১	৪৯৫.৭৭	১৬৩৮.৪৪	-	জুলাই '১৩ হতে ডিসেম্বর ২০১৭	০৯ মে ২০১৭		৬ মাস
৩য় সংশোধিত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে	২১৩৪.২১	৪৯৫.৭৭	১৬৩৮.৪৪	-	জুলাই '১৩ হতে জুন ২০১৮			৬মাস

৭। প্রকল্পের অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১.	কনসালটেন্সী	থোক	১২০৭.৮৪	১৮ জনমাস	১১৪৮.৮৭	
২	ভ্রমন	থোক	৯৯.৮৫		৯০.৮৯	
৩	ট্রেনিং, ওয়ার্কশপ ও সেমিনার	৫৫ টি	১৫৯.৪৭		১৫৯.৩১	
৪	অডিট	থোক	১৮.৮৯		১৫.৮৯	
৫	টেকনিক্যাল সার্পোট	থোক	১৫৫.৯৬		৮৩.৬৫	
৬	ম্যানেজমেন্ট চার্জ	থোক	৪২.৬৮		৩৬.৮২	

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
৭	মার্কেট রিসার্চ ও ডাটা কালেকশন	থোক	১০.৩০		৫.৫৪	
৮	সার্ভে	থোক	৩৯.৭৯		৩৬.৯৩	
৯	অফিসার ও কর্মচারী বেতন	১১	২৮.০০		২৬.২৪	
১০	কম্পিউটার, প্রিন্টার, প্রজেক্টর	১৬	১২.৬৯		১২.৬৮	
১১	অফিস স্থান, মালামাল ও	থোক	৫৮.০০		৩৫.৯৩	
১২	সরবরাহ সরঞ্জামাদি	থোক	২.৩৮		২.১৮	
১৩	আবহাওয়া স্টেশন স্থাপন	২০	৩১৭.২৫		৩১৫.০০	

০৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্প পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য নির্ধারিত কোন কাজ অসমাপ্ত নেই।

০৯। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:

৯.১ প্রকল্পের পটভূমিঃ

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে আবহাওয়া সূচক ভিত্তিক পরীক্ষামূলক শস্য বীমার মাধ্যমে জলবায়ু ও প্রাকৃতিক দূর্যোগজনিত ঝুঁকির কারণে কৃষকের কৃষি উৎপাদন/আয়ের ক্ষতি হ্রাস করার লক্ষ্যে তাদের সামর্থ্য বৃদ্ধি করা। উল্লেখ্য যে বাংলাদেশ বহু ধরণের প্রাকৃতিক দূর্যোগপূর্ণ একটি দেশ। দূর্যোগ সমূহ হল- বন্যা, খরা, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, জলোচ্ছাস, সাইক্লোন ইত্যাদি। এ পাইলট প্রকল্পটি গ্রহণের পূর্বে পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় আবহাওয়া ও প্রাকৃতিক দূর্যোগের কারণে কৃষি ফলনের ক্ষেত্রে প্রভাব নির্ধারণ করে বীমা ক্ষতিপূরণ এর ব্যবস্থা বাংলাদেশে ছিলনা। সাধারণ বীমা পদ্ধতির মতই খুব স্বল্প পরিসরে কৃষি বীমা চালু ছিল এত কৃষকের শস্য ক্ষতির পরিমাণ পূরণ করা যেত না। এ কারণে বাংলাদেশে প্রথমবারের মত এ প্রকল্পের অধীন আবহাওয়া সুচকের বৃষ্টিপাতের পরিমাণ ও বাতাসের গতিকে সূচক হিসাব গণনায় এনে বীমা পলিসি পরীক্ষামূলকভাবে চালু করার জন্য গত ২৪ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯.২ প্রকল্পের সার্বিক উদ্দেশ্যঃ

বাংলাদেশের কৃষকদের আবহাওয়া ও প্রাকৃতিক দূর্যোগজনিত ঝুকি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার মাধ্যমে আবহাওয়া ও প্রাকৃতিক দূর্যোগের কারণে কৃষি আয় হতে ক্ষতির পরিমাণ হ্রাস করা।

৯.৩ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- প্রণীত আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমার পরীক্ষামূলক বাস্তবায়ন;
- আবহাওয়া সূচক ভিত্তিক সঠিক/উপযোগী শস্য বীমার নীতিগত ও রেগুলেটরী ফ্রেমওয়ার্ক প্রণয়ন ও শক্তিশালীকরণ এবং বীমা আইন অনুযায়ী আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমা প্রচলনের পরিবেশ সৃষ্টিতে সহায়তা;
- WIBCI সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডারদের WIBCI এবং এর সুবিধা সম্পর্কে সচেতনতা ও সামর্থ্য বৃদ্ধি বিশেষত গ্রামের কৃষকদের এ বিষয়ে বিশেষ জ্ঞান প্রদান ও বীমা পলিসি গ্রহণের ব্যাপারে আগ্রহী করে তোলা
- আবহাওয়াগত অবকাঠামো স্থাপন এবং আবহাওয়ার সাথে শস্য বীমা গ্রহণের উপকারীতা সম্পর্কে অবহিতকরণ এবং কৃষি ঝুকির ব্যবস্থাপনা হ্রাস করা;

৯.৪ প্রকল্পের মূল কার্যক্রম : পরীক্ষামূলকভাবে আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমা প্রচলনের জন্য স্টেকহোল্ডারদের মধ্যে সচেতনতা সৃষ্টির পরিবেশ সৃষ্টিতে সহায়তা। এজন্য ৩টি জেলার ২১টি উপজেলায় বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তরের কার্যালয় সমূহে ২০টি অত্যাধুনিক আবহাওয়া স্টেশন স্থাপন, কৃষকদের মধ্যে ৬০০০টি বীমা পলিসি বিতরণ। প্রকৃতপক্ষে এ কার্যক্রমের সফল বাস্তবায়নের ফলে লক্ষ্যমাত্রার অধিক আরও ১০৯৬টির অধিক বীমা পলিসি (১৮%) বীমা পলিসি বিতরণ করা সম্ভব হয়েছে। প্রকল্পের ধারণা অনুযায়ী মোট বীমার ৫০% অর্থ সাধারণ বীমা তথা সরকার কর্তৃক ভর্তুকি হিসাবে প্রদান করা হয়েছে। এতে সার্বিকভাবে বীমা সম্পর্কে কৃষকদের অনীহা ও অবিশ্বাস দূর করা সম্ভব হয়েছে।

১০। **প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ** প্রকল্পের মূল অনুমোদিত সময় জুলাই ২০১৩ হতে জুন ২০১৬ পর্যন্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৪/০২/২০১৪ তারিখ অনুমোদিত হয়। পরবর্তীতে ০২/০৪/২০১৯ তারিখ **১ম** সংশোধনীতে জুলাই ২০১৩ হতে জুন ২০১৬ পর্যন্ত এবং ২য় সংশোধনী জুলাই ২০১৩ হতে জুন ২০১৭ পর্যন্ত ২০/০৭/২০১৬ এবং পরবর্তীতে আরও ২ বার যথাক্রমে জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭ এবং জুলাই ২০১৩ জুন ২০১৮ মেয়াদে সংশোধন অনুমোদন করা হয়। এ প্রকল্পে মূল অনুমোদিত ব্যয় ১৯৭২.২১ (জিওবি ৩৩৩.৭৭+প্র:সা: ১৬৩৮.৪৪) এবং সংশোধিত ব্যয় ৪৯৫.৭৭+প্র:সা: ১৬৩৮.৪৪=২১৩৪.২১। অর্থাৎ মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধি ১৬২ লক্ষ টাকা (৮.২১%)।

১১। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ (১ম সংশোধিত)

অর্থবছর	মূল ডিপিপি অনুযায়ী প্রক্ষেপিত বরাদ্দের পরিমাণ	সর্বশেষ ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী প্রক্ষেপিত বরাদ্দের পরিমাণ	প্রকৃত বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১৫-১৬	১৪৯.৮৬	২০০.০০	২০০.০০	-
২০১৬-১৭	০.০০	১১৭৪.৬০	২৩৮৬.০০	১০১৫৩.০০

১২। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
০১.	মোঃ মোফাজ্জল হোসেন, জেনারেল ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন	খন্ডকালীন	অতিরিক্ত দায়িত্ব	২৪-০২-২০১৪	৩১-১২-২০১৪
০২.	ওয়াসিফুল হক, ডেপুটি জেনারেল ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন	পূর্ণকালীন		০১-০১-২০১৫	৩০ জুন ২০১৮



সমাপ্ত প্রকল্পের সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা



সমাপ্ত প্রকল্পের স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের সাথে আলোচনা



মতবিনিময় সভায় সুবিধাভোগী কৃষকদের মতামত গ্রহণ।



মতবিনিময় সভায় সুবিধাভোগী কৃষকদের মতামত গ্রহণ।

১৩। প্রকল্প পরিদর্শনঃ সমাপ্ত প্রকল্পটি পরিদর্শনকালে দেখা যায় যে, এই পাইলট প্রকল্পের অধীন যে সকল কৃষকেরা বীমা পলিসি গ্রহণ করেছিল তারা এ বীমার মাধ্যমে ২টি প্রাকৃতিক দূর্যোগের কারণে সৃষ্ট প্রাকৃতিক দূর্যোগ হতে সংঘটিত শস্য ক্ষতির টাকা প্রাপ্ত হয়েছে। কৃষকদের মধ্যে বর্তমানে এ ধরণের শস্য বীমা চালু না থাকার বিষয়ে অসন্তোষ প্রকাশ করে। তারা আরও বৃহত্তর পরিসরে এই বীমা ব্যবস্থা চালু রেখে তাদের কৃষি উৎপাদনের ধারাবাহিকতা রক্ষার বিষয়ে মতামত প্রদান করে।

১৪. **পরামর্শক সেবাঃ** এ প্রকল্পে সর্বমোট ৫ জন বৈদেশিক পরামর্শক ৩৩ জনমাস কাজ করেছে। পরামর্শক সেবা ক্রয়ের ক্ষেত্রে এশীয় উন্নয়ন ব্যাংকের গাইড লাইন অনুসরণ পূর্বক পিপিআরএর বিধিবিধান প্রতিপালন হয়েছে মর্মে প্রতীয়মান হচ্ছে।

১৪.১ **আনুসাঙ্গিক/বিবিধ ব্যয়:** অনুসাঙ্গিক বিবিধ ব্যয় বাবদ সিডি ভ্যাট ও নির্মিত আবহাওয়া স্টেশনের সেড নির্মাণ , বৈদ্যুতিক সংযোগ বাবদ ব্যয়ই প্রধান।

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত
প্রণীত আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমার পরীক্ষামূলক বাস্তবায়ন	অর্জিত। এ প্রকল্পের আওতায় ২১টি উপজেলায় ৬০০০ টি বীমা পলিসি বিক্রয়ের লক্ষ্যমাত্রা থাকলেও প্রকৃত পক্ষে ৭০৯৬টি বীমা পলিসি অর্থাৎ ১০৯৬টি অধিক বীমা পলিসি (১৮%) বীমা পলিসি বিতরণ করা সম্ভব হয়েছে।
আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমার নীতিগত ও রেগুলেটরী ফ্রেমওয়ার্ক প্রণয়ন;	আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমার নীতিগত ও রেগুলেটরী ফ্রেমওয়ার্ক প্রণয়ন করত চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প কর্তৃপক্ষের নিকট হতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
WIBCI সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডারদের WIBCI সম্পর্কে সচেতনতা ও সামর্থ্য বৃদ্ধি এবং আবহাওয়াগত অবকাঠামো স্থাপন;	**অর্জিত।**
কমপক্ষে ২০টি আবহাওয়া স্টেশন উন্নীতকরণ;	**অর্জিত।**
কমপক্ষে ৬০০০ কৃষক/ কৃষি খামারকে এ প্রকল্পের আওতায় নিয়ে আসা;	**অর্জিত।**
কমপক্ষে ১২০০০ কৃষককে বিশেষত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক যারা প্রত্যক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল তাদের আবহাওয়া ঝুকি এবং কৃষি ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে সচেতনতামূলক সেমিনার আয়োজনের মাধ্যমে কৃষকদেরকে sensitized করা;	**অর্জিত**

পরিকল্পিত	অর্জিত
IDRA ইনসুরেন্স কোম্পানী আবহাওয়া বিষয়ক প্রতিষ্ঠানের আবহাওয়া সংক্রান্ত তথ্য, কৃষি গবেষণা ইনস্টিটিউট, ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান, এনজিও সংশ্লিষ্ট সরকারী এজেন্সী এর কমপক্ষে ৪০০ কর্মকর্তা/ কর্মচারীকে আবহাওয়া বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শিক্ষিত করে তোলা;	**অর্জিত**
WIBCI এর রেগুলেশন তৈরী করত অনুমোদনের জন্য IDR এর মাধ্যমে মন্ত্রণালয় পর্যায়ে প্রেরণ করা হয়েছে	**অর্জিত**

১৬। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ এ প্রকল্পের সকল উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে দেখা যায়।

১৭। আইএমইডি'র মতামত/পর্যবেক্ষণ:

১৭.১ বাংলাদেশ একটি কৃষি প্রধান এবং নানাবিধ দূর্যোগপ্রবণ দেশ। এ সকল দূর্যোগের কারণে প্রতি বছরই কৃষি ফলন ব্যহত হয়। এতে প্রান্তিক কৃষক আর্থিক ও সামাজিকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে থাকে। কৃষকদেরকে কৃষি পেশায় বহাল রাখা এবং খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে এ পাইলন প্রকল্পের অধীন গৃহীত বীমা ঝুকি ব্যবস্থাপনা অত্যন্ত কার্যকর;

১৭.২ এ প্রকল্পে স্টেকহোল্ডারদের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য যেসকল এনজিওকে নিয়োগ করা হয়েছিল প্রকল্প কর্তৃপক্ষ এবং সাধারণ বীমার জনবলের প্রত্যক্ষ পরিচালনায় অত্যন্ত সফলভাবে কৃষকদের মধ্যে বীমা সম্পর্কে আগ্রহ সৃষ্টি করা সম্ভব হয়েছে;

১৭.৩ প্রকল্প গ্রহণকালে কৃষি মন্ত্রণালয়কে অর্ন্তভূক্ত না করার কারণে প্রকল্প বাস্তবায়ন এবং পরবর্তীতে অর্জিত জ্ঞান ও সুফল কৃষকদের মাঝে অব্যাহত রাখা সম্ভব হচ্ছেনা;

১৮। আইএমইডি'র সুপারিশমালাঃ

১৮.১ বাংলাদেশে জীবন বীমা, শিল্প খাত ও ব্যবসা বাণিজ্যে বিভিন্ন ধরণের বীমা পলিসি চালু আছে। কিন্তু শস্য উৎপাদনকালে আবহাওয়ার কারনে উৎপাদন ক্ষতিগ্রস্ত হলে কোন বীমা পলিসির প্রচলন নেই। উল্লেখ্য যে, বহু আগে সাধারণ বীমা শস্য বীমা চালু করেছিল। কিন্তু পলিসির মূল্য অত্যাধিক হওয়ায় তা জনপ্রিয় হয়নি। এ প্রকল্পের মাধ্যমে এই প্রথম আবহাওয়া সূচক ভিত্তিক বীমা পলিসি প্রচলন করা হয়েছে। প্রকল্পপত্রে কৃষকদের মধ্যে এ বীমা গ্রহণের লক্ষ্যমাত্রা চেয়ে প্রকৃত বীমা গ্রহীতার সংখ্যা ১৮% বেশী। তথ্য অনুযায়ী ইতোমধ্যে কৃষকেরা এ বীমা গ্রহনের আগ্রহী হয়েছে। তবে প্রকল্পের মাধ্যমে বর্তমানে বীমা পলিসির ৫০% অর্থ এবং ১০০% ভ্যাট পরিশোধ করা হচ্ছে। প্রান্তিক কৃষককে কৃষিতে নিয়োজিত রাখা এবং কৃষি উৎপাদন অব্যাহত রাখার মাধ্যমে খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করতে বাংলাদেশের সকল স্থানে এ ধরণের একটি বীমা কার্যক্রমের মাধ্যমে কৃষককে সহায়তা প্রদান একান্ত আবশ্যক। প্রয়োজনে এ পাইলট প্রকল্পের মতই ১০০% ভ্যাট সরকার কর্তৃক ভর্তুকির মাধ্যমে প্রদান করা অব্যাহত রাখতে হবে;

১৮.২ ভবিষ্যতে এ ধরণের যেকোন পাইলট প্রকল্প/নিয়মিত প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ বীমা উন্নয়ন কর্তৃপক্ষ ও মন্ত্রণালয়কে অবশ্যই সংশ্লিষ্ট স্ব-স্ব সেক্টরের মন্ত্রণালয়কে প্রকল্পের সাথে ওতপ্রোতভাবে জড়িত করে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন;

১৮.৩ প্রকল্প বাস্তবায়নের পর স্বাভাবিক কার্যক্রম হিসাবে প্রকল্পের সুফল সাধারণ ও প্রান্তিক কৃষক ও স্টেকহোল্ডারদের মধ্যে নিরবিচ্ছিন্নভাবে বজায় রাখার জন্য কি কর্মপন্হা গ্রহণ করা হবে তা প্রকল্প চলাকালীন সময়ে চালু করতে হবে;

১৮.৪ সরকারের ভর্তুকি ব্যতিরেকে বীমা পলিসি গ্রহণের বিষয়ে সচেতন থাকতে হবে; (এ প্রকল্পে সরকার কর্তৃক বীমা পলিসির মোট মূল্যের ৫০% প্রদান করা হয়েছে)। উল্লেখ্য যে ইতোমধ্যে কৃষকেরা যুক্তিসঙ্গত সর্বমোট মূল্যে বীমা পলিসি নিতে আগ্রহী;

১৮.৫ সারা বছরব্যাপী সকল ধরণের কৃষি পণ্যের উপর বীমা পলিসির চালুর বিষয়ে কৃষি মন্ত্রণালয় ও আবহাওয়া অধিদপ্তরকে সম্পৃক্ত করে সরকারের উচ্চ পর্যায়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে প্রয়োজনীয়

কার্যক্রম দ্রুত শুরু করতে হবে;

১৮.৬ কৃষি বীমা চালুর ক্ষেত্রে একটি ফসলের ফলনের সময়সীমা এবং দূর্যোগকালীন সময় বিবেচনা করে বীমা পলিসির মেয়াদ নির্ধারণ করতে হবে;

১৮.৭ উপরিল্লিখিত সুপারিশমালার আলোকে গৃহীত পদক্ষেপ আগামী ০২ (দুই) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।